Deutsche Welle

# Press Release

February 6, 2013

বাংলাসহ ১৪টি ভাষায় ‘দ্য বব্‌স’ অ্যাওয়ার্ড শুরু

ডয়চে ভেলের সেরা ব্লগ অনুসন্ধান প্রতিযোগিতা হিসেবে এতকাল পরিচিত ‘দ্য বব্‌স’-এর নবম সংস্করণে যোগ হয়েছে আরো তিনটি ভাষা, পুরস্কারের পরিধিও বেড়েছে। সর্বোপরি প্রতিযোগিতার ওয়েবসাইটেও এসেছে পরিবর্তন।

আগামী ৬ মার্চ অবধি গোটা বিশ্বের ইন্টারনেট ব্যবহারকারীরা তাদের কাঙ্খিত প্রার্থীকে ‘দ্য বব্‌স’ পুরস্কারের জন্য মনোনয়ন দিতে পারবেন। এজন্য ভিজিট করুন www.thebobs.com/bengali ঠিকানা। এই বছর প্রথমবারের মতো প্রতিযোগিতায় যুক্ত হচ্ছে হিন্দি, তুর্কি এবং ইউক্রেনীয় ভাষা। এবার মাইক্রোব্লগিং প্ল্যাটফর্মের জন্যও আলাদা পুরস্কার থাকছে। এই বিভাগটির মূল ইংরেজি নামটি হচ্ছে ‘বেস্ট পারসন টু ফলো’, বাংলায় যাকে আমরা বলছি ‘সেরা অনুসরণযোগ্য’।

‘দ্য বব্‌স’ বিজয়ী নির্ধারণের নিয়মনীতি আগের মতোই থাকছে। ১৫ সদস্যের আন্তর্জাতিক জুরি ৬টি মিশ্র বিভাগে জুরি অ্যাওয়ার্ড বিজয়ী নির্ধারণ করবেন। পাশাপাশি ইন্টারনেট ব্যবহারকারীরা ভোটের মাধ্যমে ভাষাভিত্তিক ৩৪টি বিভাগে ‘ইউজার প্রাইজ’ বিজয়ী নির্ধারণ করবেন।

এখানে বলা প্রয়োজন, ২০১২ সালে মোট তিন হাজার মনোনয়ন জমা পড়েছিল। আর এ সব মনোনয়ন থেকে বাছাইকৃত বিভিন্ন উদ্যোগে ইন্টারনেটে ভোট দিয়েছেন ৬০ হাজারের বেশি মানুষ।

পুরস্কার প্রদান করা হবে গ্লোবাল মিডিয়া ফোরামে

Deutsche Welle
Corporate Communications
53110 Bonn
Germany
T +49.228.429-2042
F +49.228.429-2047
kommunikation@dw.de
www.dw.de/press

এবছর ‘দ্য বব্‌স’ প্রতিযোগিতার একটি বিভাগের নামকরণ করা হয়েছে ‘গ্লোবাল মিডিয়া ফোরাম’। জার্মানির বন শহরে অনুষ্ঠিত ডয়চে ভেলের গ্লোবাল মিডিয়া ফোরামের মূল প্রতিপাদ্যের সঙ্গে সামঞ্জস্য রেখে এই বিভাগের বিজয়ী নির্ধারণ করা হবে। চলতি বছর মিডিয়া ফোরামের মূল প্রতিপাদ্য হচ্ছে, ‘উন্নয়নের ভবিষ্যত – অর্থনৈতিক তাৎপর্য এবং গণমাধ্যম’। দ্য বব্‌স ২০১৩ সালের জুরি অ্যাওয়ার্ড বিজয়ীদেরকে আগামী ১৮ জুন বন শহরে অনুষ্ঠিতব্য গ্লোবাল মিডিয়া ফোরামে পুরস্কৃত করা হবে।

মুক্ত গণমাধ্যম বিষয়ক সংগঠন ‘রিপোর্টার্স উইদাআউট বডার্স’-এর নামে একটি অ্যাওয়ার্ড বিভাগ রয়েছে দ্য বব্‌স-এ। গণমাধ্যমের স্বাধীনতা, গণতন্ত্র এবং মানবাধিকারের সঙ্গে সম্পৃক্ত ইন্টারনেট প্রকল্প এই প্রতিযোগিতার জন্য উপযুক্ত মনোনয়ন হতে পারে।

উল্লেখ্য, ‘দ্য বব্‌স’ প্রতিযোগিতা শুরু হয় ২০০৪ সালে। সেই থেকে এই অ্যাওয়ার্ডের মাধ্যমে বিশ্বের বিভিন্ন মুক্ত ধারণা এবং বাক-স্বাধীনতার সেরা দৃষ্টান্তগুলো তুলে ধরা হচ্ছে।

চলতি বছরের প্রতিযোগিতার ছয়টি মিশ্র বিভাগ হচ্ছে:

১. সেরা ব্লগ: এই বিভাগে সাধারণত এমন ব্লগ সাইটকে পুরস্কৃত করা হয়, যেটি মানবাধিকার রক্ষায় সচেষ্ট এবং জনগুরুত্বপূর্ণ বিষয়াদি নিয়ে মুক্ত আলোচনাকে উৎসাহিত করে।
২. সেরা উদ্ভাবন: একটি সফটওয়্যার সমাধান বা ইন্টারনেট প্ল্যাটফর্ম যা গণতান্ত্রিক প্রক্রিয়াকে উৎসাহিত করছে এবং সামাজিক উন্নয়নে ভূমিকা রাখছে, এমন প্রকল্প এই বিভাগের জন্য মানানসই।

৩. সেরা সোশ্যাল অ্যাক্টিভিজম: গণতন্ত্র, স্বাধীনতা এবং মানবাধিকারকে শক্তিশালী করছে এমন সামাজিক যোগাযোগ কিংবা ডিজিটাল প্রকল্প এই বিভাগের জন্য মানানসই।
৩. সবচেয়ে সৃজনশীল এবং মৌলিক: জটিল বিভিন্ন বিষয়কে সৃজনশীল উপায়ে সহজভাবে তুলে ধরা সহজ কাজ নয়। কিন্তু এই কাজটি যারা করছেন, তাদের জন্য এই অ্যাওয়ার্ড।
৪. রিপোর্টার্স উইদাআউট বডার্স: সাহসিকতার সঙ্গে বাক স্বাধীনতার অধিকার নিশ্চিত করছে এমন ব্লগ এই বিভাগে মনোনয়ন পেতে পারে।
৫. গ্লোবাল মিডিয়া ফোরাম: চলতি বছর এই বিভাগের প্রতিপাদ্য হচ্ছে 'উন্নয়নের ভবিষ্যত – অর্থনৈতিক তাৎপর্য এবং গণমাধ্যম'। ডয়চে ভেলের গ্লোবাল মিডিয়া ফোরামের মূল প্রতিপাদ্যের সঙ্গে এই বিভাগটি সম্পর্কিত।

ছয়টি মিশ্র বিভাগে জুরি অ্যাওয়ার্ডের পাশাপাশি ১৪টি ভাষা বিভাগে সেরা ব্লগ নির্ধারণ করা হবে ইন্টারনেট ব্যবহারকারীদের ভোটের ভিত্তিতে। এই ভাষাগুলো হচ্ছে: আরবি, বাংলা, চীনা, জার্মান, ইংরেজি, ফরাসি, হিন্দি, ইন্দোনেশীয়, ফার্সি, পর্তুগিজ, রুশ, স্প্যানিশ, তুর্কি এবং ইউক্রেনীয়।

এছাড়া চলতি বছর থকে ১৪টি ভাষা বিভাগ থেকে সেরা মাইক্রোব্লগ প্রোফাইল নির্বাচন করা হবে। এই পুরস্কারের ইংরেজি নাম, 'বেস্ট পারসন টু ফলো'। কোনো ব্যক্তি বা সংস্থার মাইক্রোব্লগ প্রোফাইল এই বিভাগে পুরস্কার জয় করতে পারে। এটিও 'ইউজার প্রাইজ' হিসেবে বিবেচিত হবে।

প্রতিযোগিতার বিভিন্ন তারিখ:

Deutsche Welle

- দ্য ববস ২০১৩ শুরু হচ্ছে ৬ ফেব্রুয়ারি থেকে। এই দিন থেকে ৬ মার্চ অবধি ইন্টারনেট ব্যবহারকারীরা www.thebobs.com/bengali ঠিকানায় পছন্দের ব্লগ, মাইক্রোব্লগ বা ইন্টারনেট উদ্যোগকে বিভিন্ন বিভাগে মনোনয়ন দিতে পারবেন।
- জমা পড়া মনোনয়নগুলো থেকে বাছাইকৃত উদ্যোগগুলোর উপর ইন্টারনেট ভোটাভুটি অনুষ্ঠিত হবে ৩ এপ্রিল থেকে ৭ মে পর্যন্ত। এই সময়ে ইন্টারনেট ব্যবহারকারীরা ভোটের মাধ্যমে প্রতিযোগিতার সবকটি বিভাগে তাদের পছন্দের 'ইউজার প্রাইজ' বিজয়ী নির্ধারণ করতে পারবেন। পাশাপাশি জার্মানির রাজধানী বার্লিনে একটি বৈঠকে অংশ নেবেন এই প্রতিযোগিতার ১৫ সদস্যের বিচারকমণ্ডলী। তাঁরা নিজেদের মধ্যে আলোচনা এবং ভোটাভুটির মাধ্যমে প্রতিযোগিতার ছয়টি মিশ্র বিভাগের 'জুরি অ্যাওয়ার্ড' বিজয়ীদের নির্ধারণ করবে।
- দ্য ববস ২০১৩ সালের সকল বিভাগে জুরি অ্যাওয়ার্ড এবং ইউজার প্রাইজ বিজয়ীদের নাম ঘোষণা করা হবে আগামী ৭ মে।
- আগামী ১৮ জুন, জার্মানির বন শহরে অনুষ্ঠিত গ্লোবাল মিডিয়া ফোরামে একটি অনুষ্ঠানের মাধ্যমে জুরি অ্যাওয়ার্ড বিজয়ীদের হাতে পুরস্কার তুলে দেওয়া হবে।

পার্টনার:

দ্য ববস ২০১৩ প্রতিযোগিতার অন্যান্য বিভিন্ন ভাষার পার্টনারদের সঙ্গে বাংলা ভাষা থেকে রয়েছে সামহোয়্যার ইন ব্লগ এবং বিডিনিউজ টোয়েন্টিফোর ডটকম।

উল্লেখ্য, চলতি বছর দ্য ববস প্রতিযোগিতার নামে পরিবর্তন আনা হয়েছে। ডয়চে ভেলে আয়োজিত এই আসরকে এখন বলা হচ্ছে 'দ্য ববস: সেরা সোশ্যাল অ্যাক্টিভিজম অ্যাওয়ার্ড'। শুধু ব্লগ নয়, দ্য ববস খুঁজে বের করবে শ্রেষ্ঠ 'অনলাইন অ্যাক্টিভিজম', সেটি হতে পারে

কোনো ব্লগ বা মাইক্রোব্লগ, কোনো ফেসবুক পাতা, হতে পারে কোনো টুইটার প্রোফাইল কিংবা ডিজিটাল মিডিয়া ব্যবহার করে পরিচালিত সক্রিয় কোনো উদ্যোগ।

যোগাযোগ:

[www.thebobs.com/bengali](http://www.thebobs.com/bengali)
dw.de/presse
যে কোনো জিজ্ঞাসা: গাব্রিয়েল গনসালেস
ফোন: +49228 429 2684,
ই-মেল: gabriel.gonzalez@dw.de
facebook.com/dw.thebobs
twitter.com/DW_thebobs